উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও

## কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য্য বিবরণী

স্থান ঃ- সভাপতির অফিস কক্ষ
তারিখ ঃ-২৫-০৯-২৫ খ্রিঃ
সময় ঃ- ১১.০০ ঘটিকা

আলোচ্য সূচি ঃ

০১। গত সভার কার্য্য বিবরণী পঠন ও অনুমোদ।
০২। গঠিত নতুন কমিটির সদস্যদের পরিচিতি ।
০৩। বিভাগীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ।
০৪। বিবিধ।

অদ্যকার সভার অত্র কমিটির সভাপতি এর সভাপতিত্বে সভা শুরু হয়। সভাপতি-সভায় উপস্থিত সদস্যদের-শুভেচ্ছা জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব জনাব. উপজেলা কৃষি অফিসার, গত সভার কার্য্যবিবরণী সভায় পাঠ করে শুনান। তাতে কোন সংশোধন বা বিয়োজন না থাকায় উহা সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়।

বিভাগীয় আলোচনায়-উপজেলা কৃষি অফিসার জানান,তাঁর দাপ্তরিক কার্য্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। তবে অত্র বিভাগের আওতাধীন ৬টি ইউনিয়ানের মাটির স্বাস্থ্য সু-রক্ষার জন্য কেঁচো সার উৎপাদন ও বাজারজাত ব্যবস্থাপনা বিষয়ক কৃষক/কৃষানী প্রশিক্ষন প্রদান করা হলে কৃষি জমির উৎপাদন শক্তি আরও বৃদ্ধি পেতো। এ সংক্রান্ত বিষয়ের উপর ইতোমধ্যে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বরাবরে নিম্নরুপ একটি চাহিদা পত্র/উপ- প্রকল্প দাখিল-করা হয়েছে।

সক্ষমতা উপ- প্রকল্প সমূহঃ

০১। মাটির স্বাস্থ্য সু-রক্ষার জন্য কেঁচো সার উৎপাদন ও বাজার ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষন

উল্লেখিত উপ- প্রকল্প বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হল। আলোচনায় সভাপতি মহোদয় জানান, উক্ত প্রকল্প সমূহ উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভায় উপস্থান করা হবে এবং প্রকল্প সমূহ বাছাই কমিটির উনুমোদন সাপেক্ষে বাস্তবায়নের প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা পরিষদ সভায় চুরান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। বিবিধ, বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

25.09.25

প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

**স্মারক নং-**

**অনুলিপি** সদয় অবগরি জন্য।

**০১।** চেয়ারম্যান, ১৩ নং গড়েয়া ইউপি, ঠাকুরগাঁও সদর
**০২।** চেয়ারম্যান, ১৫ নং দেবীপুর ইউপি, ঠাকুরগাঁও সদর
**০৩।** অফিস নথি।

উপজেলা কৃষি অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

## কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভার সম্মানিত সদস্যদের হাজিরা সিট

তারিখ ঃ ২০/০৭/২৫

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ খাইরুল ইসলাম<br>প্রশাসক, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর | সভাপতি | ২৫.৭.২৫ |
| ০২ | চেয়ারম্যান, ১৩ নং গড়েয়া ইউপি, ঠাকুরগাঁও সদর | সদস্য | |
| ০৩ | মো: ইসমাইল হোসেন<br>চেয়ারম্যান, ১৫ নং  দেবীপুর ইউপি, ঠাকুরগাঁও সদর | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান, ৮ নং  রিহিমানপুর,  ইউপি, ঠাকুরগাঁও সদর | সদস্য | |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার,  ঠাকুরগাঁও সদর | সদস্য সচিব | |